ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৮৭৫
মোহনপুর, ০৯ আগস্ট,২০২৪

**২৭ আগস্ট বড়কাঁঠালে শ্রীশ্রী শান্তিকালী সেবা আশ্রমের উদ্বোধন ঃ প্রস্তুতি সভা**

আগামী ২৭ আগস্ট, ২০২৪ মোহনপুর মহকুমার হেজামারা ব্লকের অন্তর্গত বড়কাঁঠালস্থিত শ্রীশ্রী শান্তিকালী সেবা আশ্রমের উদ্বোধন করা হবে। এ উপলক্ষে আজ বড়কাঁঠালস্থিত সিদ্ধেশ্বরী সেবা মিশনের বোর্ডিং হাউসে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রী রতনলাল নাথ। সভায় উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধায়ক শম্ভুলাল চাকমা, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, এডিসির কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, প্রাক্তন এমপি রেবতী ত্রিপুরা, হেজামারা বিএসি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা, লেফুঙ্গা বিএসি চেয়ারম্যান রনবীর দেববর্মা, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, শ্রী শ্রী শান্তিকালী মিশনের মহারাজ চিত্ত দেববর্মা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্য নাথ, আসামের মুখ্যমন্ত্রী ড. হিমন্ত বিশ্বশর্মা, রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা প্রমুখ। কৃষিমন্ত্রী রতনলাল নাথ অনুষ্ঠানকে সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। সভায় অনুষ্ঠানকে সফল করার জন্য বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

******